দামুড়হুদায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে র্যালি ও আলোচনা সভা

দামুড়হুদায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার সকাল সাড়ে ১০টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে র্যালী শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপী, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক মোঃ রফিকুল হাসান তনু, উপজেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমীর মোঃ নায়েব আলী, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ফাহমিদা রহমান, উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা নাসির উদ্দীন, দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ম আহ্বায়ক মিরাজুল ইসলাম মিরাজ, দামুড়হুদা সদর ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমির আবুল বাসার, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুতুব উদ্দিন, ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের পরিচালক মাসুম বিল্লাহ, পরিবার পরিকল্পনা পরিদর্শক আতিকুর রহমান, ইসলামিক ফাউণ্ডেশনের মডেল কেয়ার টেকার আসাদুজ্জামান সহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তিবর্গ, শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ প্রমুখ।

মেহেরপুরে আন্তর্জাতিক

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

[redacted]

কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) শারমিন আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, শিক্ষা জাতীর মেরুদণ্ড। শিক্ষা ছাড়া কোনো জাতীর অগ্রগতি অসম্ভব। নিরক্ষরতা একটি জাতির জন্য অভিশাপ। এগিয়ে যাওয়ার পথে অন্তরায়। নিরক্ষরতা অবশ্যই একটি সমস্যা কিন্তু তা চিরস্থায়ী নয়। সবার সম্মিলিত প্রচেষ্টায় অল্প সময়ের ব্যবধানে এ সমস্যা কাটিয়ে উঠা সম্ভব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী সকলের জন্য শিক্ষা বাস্তবায়ন করতে উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প গ্রহণ করেছে। ঝরে পরা শিশুদের প্রশিক্ষিত করতে সরকার এ প্রকল্পের আওতায় ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। এ সময় তিনি অভিভাবকদের আরও বেশি সচেতন হওয়ার জন্য অনুরোধ জানান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ ও প্রফেসর সিদ্দিকুর রহমান,চুয়াডাঙ্গা জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা জেলা প্রাথমিক শিক্ষা তৈয়বুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের সহকারী অধ্যাপক ডক্টর আব্দুর রশিদ, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের এনডিসি সাদাত হোসেন, সহকারী কমিশনার শহিদুল আলম সহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপীতে

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০২১ উপলক্ষে মউক এ আলোচনা সভার আয়োজন করে।আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে গণ সাক্ষরতা অভিযান এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

সভাপতিত্ব করেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এর সভাপতি ও জেলা শিল্পকলা একাডেমির সাধারন সম্পাদক অধ্যাপক সাইদুর রহমান।

প্রধান অতিথি ছিলেন উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আনোয়ার হোসেন। বক্তব্য রাখেন সাবেক ইউপি সদস্য রাশিদুল ইসলাম, সাবেক শিক্ষক হাজী আজগার আলী মাস্টার।স্বাগত বক্তব্য রাখেন মউক এর সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন।

আলোচনা সভার পরে একটি র্যালী আমঝুপীর সড়ক প্রদক্ষিন করে। আনুষ্ঠান পরিচালনা করেন মউক এর স্কুল চিলড্রেন কর্মসূচির জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহমেদ।

আনুষ্ঠানে উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আনোয়ার হোসেন বলেন এশিয়ায় সাক্ষরতার হারে আমরা এখনো পিছিয়ে,সরকার ও সবার চেষ্টায় আমরা শতভাগ সাক্ষরতার হার অর্জনে সক্ষম হব।